# ব্যান্সডক

# বার্ষিক প্রতিবেদন ২০১৪-২০১৫

১। পটভূমি:

বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক এন্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার (ব্যান্সডক) ১৯৬২ সালে বিসিএসআইআর-এর অংগ সংগঠনরূপে বিজ্ঞান ভিত্তিক তথ্য সেবা প্রদানের লক্ষে যাত্রা শুরু করে, যা স্বাধীনতার পূর্বে প্যান্সডক নামে পরিচিত ছিল। স্বাধীনতার পর ১৮ ই মার্চ ২০১০ তারিখে মহান জাতীয় সংসদে ব্যান্সডক আইন ২০১০ পাস হয় এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অধীনস্থ ব্যান্সডক-কে একটি স্বায়ত্ত্বশাসিত সংস্থার মর্যাদা প্রদান করা হয়। শুরু থেকেই প্রতিষ্ঠানটি বিজ্ঞান ভিত্তিক গবেষণামূলক তথ্য সংগ্রহ, সংরক্ষণ ও বিতরণের জাতীয় দায়িত্ব পালনসহ তথ্য ব্যবস্থাপনার ক্ষেত্রে ইতিবাচক ভূমিকা পালন করে আসছে।

**মিশন** : বিজ্ঞানী ও গবেষকদের চাহিদানুযায়ী বৈজ্ঞানিক তথ্য দ্রুত তাঁদের নিকট পৌঁছে দেওয়া।

**ভিশন:** বৈজ্ঞানিক তথ্যসমূহের অনলাইন ডাটাবেজ স্থাপন, ব্যান্সডক-এর কার্যক্রমকে ডিজিটাইজড করা এবং গ্রাহকদের অফলাইন সার্ভিস প্রদান।

**২। প্রধান প্রধান কার্যাবলী:**

(ক) প্রাকৃতিক বিজ্ঞান, কৃষিবিজ্ঞান, চিকিৎসা, প্রকৌশল, শিল্প, প্রযুক্তি, বৈজ্ঞানিক গবেষণা এবং নিরীক্ষামূলক উন্নয়নের সকল ক্ষেত্রে তথ্য সংগ্রহ, প্রক্রিয়াকরণ, সংরক্ষণ, সম্পাদনা ও বিতরণ;

(খ) গবেষণা প্রতিষ্ঠান, একাডেমিক প্রতিষ্ঠান, রাষ্ট্রায়ত্ত শিল্প অথবা অন্য কোন সেক্টরে কর্মরত গবেষকগণকে তাহাদের চাহিদা অনুযায়ী তথ্য সরবরাহ; এবং

(গ) গবেষক, নীতিনির্ধারক, পরিকল্পনাবিদ ও ব্যবস্থাপকদের জন্য তথ্য সংগ্রহ ও প্রাপ্তির ব্যবস্থা নিশ্চিত করা।

**৩। সাংগঠনিক কাঠামো ও বিদ্যমান জনবল:**

| সংস্থার নাম | অনুমোদিত পদ | পুরণকৃত পদ (বিদ্যমান) | শূন্য |
|---|---|---|---|
| ব্যান্সডক, আগারগাঁও, ঢাকা | ১ম শ্রেণি-১০ টি | ১ম শ্রেণি-০৩ টি | ১ম শ্রেণি-০৭ টি |
| | ২য় শ্রেণি-০৫ টি | ২য় শ্রেণি-০২ টি | ২য় শ্রেণি-০৩ টি |
| | ৩য় শ্রেণি- ২৪ টি | ৩য় শ্রেণি- ১৭ টি | ৩য় শ্রেণি- ০৭ টি |
| | ৪র্থ শ্রেণি- ১৬ টি | ৪র্থ শ্রেণি- ১০ টি | ৪র্থ শ্রেণি- ০৬ টি |
| | **সর্বমোট-৫৫টি** | **সর্বমোট-৩২ টি** | **সর্বমোট-২৩টি** |

**৪। ২০১৪-১৫ অর্থবছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলী (শাখা ভিত্তিক) নিম্নরুপ:**

<u>বিবলিওগ্রাফি/লিটারেচার সার্চ সার্ভিস:</u>

একজন গবেষক তার গবেষণার বিষয়বস্তুর উপরে কি-ওয়ার্ড ইনসার্টের মাধ্যমে মূল্যবান এবং গুরুত্বপূর্ণ তথ্য সংগ্রহ করে প্রয়োজনীয় আর্টিক্যালের বিবলিওগ্রাফিক্যাল সোর্স অতি অল্প সময়ে জানতে পারেন। লিটারেচার সার্চ সার্ভিসটি সম্পাদনের লক্ষে ব্যান্সডকে আমেরিকার থমসন পাবলিকেশনের বায়োলজিক্যাল এ্যাবস্ট্রাক্ট-এর ২০১০ সিডি সংরক্ষিত আছে।

২০১৪-১৫ অর্থ বৎসরে-

(১) বিজ্ঞানী /গবেষকগণকে ২৮১ টি বিবলিওগ্রাফিক সার্ভিস প্রদান করা হয়। বাংলাদেশ এসএন্ডটি এ্যাবস্ট্রাকস ১,২৯৫ টি ওয়েবসাইটে এন্ট্রি দেয়া হয়;

(২) ৭,৪৪৪ জন গ্রাহক ব্যান্সডক ওয়েব সাইট পরিদর্শন করেছেন;

(৩) কারেন্ট রিসার্চ প্রজেক্ট-এর ৬৭৫ টি ডাটা ওয়েব সাইটে এন্ট্রি দিয়ে সংরক্ষণ করা হয়েছে।

## গ্রন্থাগার সার্ভিস :

ব্যান্সডক গ্রন্থাগারটি একটি বিশেষায়িত বিজ্ঞান গ্রন্থাগার। বর্তমানে ব্যান্সডক গ্রন্থাগারে প্রায় ১২০ টি শিরোনামের রেফারেন্স বইসহ বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে প্রায় সকল শাখার ২১,০০০টি বই সংরক্ষিত আছে। এ ছাড়া প্রায় ৪৫০ টি শিরোনামের দেশি-বিদেশি ১৭,০০০ টি ইস্যু সংরক্ষিত আছে। গ্রন্থাগারটি সাপ্তাহিক ছুটি ও সরকারি ছুটির দিন ব্যতীত অন্য দিন সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা পর্যন্ত খোলা থাকে। অভিজ্ঞ শিক্ষাবিদ বিজ্ঞানীদের সুবিধার্থে বেশ কয়েকটি সুসজ্জিত ষ্ট্যাডি ক্যারেলের ব্যবস্থা রয়েছে। ব্যান্সডক গ্রন্থাগারটি দীর্ঘদিন যাবৎ দেশের বিজ্ঞানী গবেষকদের নিকট রেফারেন্স লাইব্রেরি হিসেবে অত্যন্ত জনপ্রিয়। ২০১৪-১৫ অর্থ বৎসরে-

(১) ২২৩৫ জন বিজ্ঞানী, গবেষক, শিক্ষার্থী লাইব্রেরী সেবা গ্রহণ করেছেন;
(২) ১৪৪১ টি ন্যাশনাল ইউনিয়ন ক্যাটালগ-এর ডাটা ওয়েব সাইটে এন্ট্রি দেয়া হয়েছে;
(৩) ৬৩৬ টি বইয়ের বিবলিওগ্রাফিক্যাল তথ্য ওয়েব সাইটে এন্ট্রি;
দেয়া হয়েছে;
(৪) ১৮৫ টি ই-বুক প্রস্তুত করে ওয়েব সাইটে উম্মুক্ত করা হয়েছে;
(৫) ৮৪ টি বই ক্রয় করা হয়েছে।

## সাইবার সার্ভিস :

পাঠকদের চাহিদার প্রেক্ষিতে ব্যান্সডক গ্রন্থাগারে একটি সাইবার কর্ণার সংযোজন করা হয়েছে। সেখান হতে ব্যবহারকারীগণ বিনামূল্যে হাইস্পিড সম্বলিত ইন্টারনেট ব্যবহার করতে পারেন ও প্রয়োজনীয় ডকুমেন্টের প্রিন্ট স্বল্প মূল্যে গ্রহণ করতে পা
২০১৪-১৫ অর্থ বছরে-

(১) ২৯৯ জন বিজ্ঞানী, গবেষক, শিক্ষক ও শিক্ষার্থী সাইবার সেবা গ্রহণ করেছেন।

## ডকুমেন্ট প্রকিউরমেন্ট ও ডেলিভারী সার্ভিস :

বিভিন্ন দেশি বিদেশি জার্নালের প্রকাশিত আর্টিক্যাল সংগ্রহ করার জন্য গবেষকগণ ব্যান্সডক বরাবরে তাদের চাহিদা প্রেরণ করতে পারেন। চাহিদার প্রেক্ষিতে ব্যান্সডক নিজস্ব সংগ্রহ, রিপোজেটরী অথবা ব্যান্সডক-এর সাথে প্রোটোকল রয়েছে এমন দেশ যেমন অষ্ট্রেলিয়া, আমেরিকা, জাপান ও ইন্ডিয়াসহ দেশ-বিদেশের বিভিন্ন তথ্য কেন্দ্র থেকে ডকুমেন্ট সংগ্রহ করে গবেষকগণকে সরবরাহ করে থাকে। এ ছাড়া ব্যান্সডক মেডিক্যাল জার্নাল সংগ্রহের জন্য World Health Organization (WHO) কর্তৃক প্রকাশিত HINARI এর প্রায় ২৯০০ জার্নাল এবং কৃষি জার্নাল সংগ্রহের জন্য Food and Agricultural Organization (FAO) কর্তৃক প্রকাশিত AGORA এর ৮৩৫ টি জার্নাল ও INASP-PERII এর মাধ্যমে প্রায় ২০০০০ ই-জার্নাল এবং ৫০০০ ই-বুক হতে গবেষকদের জন্য প্রয়োজনীয় ডকুমেন্ট সংগ্রহ করার সুযোগ রয়েছে।

২০১৪-১৫ অর্থ বৎসরে-

(১) দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়, গবেষণা প্রতিষ্ঠানে অধ্যয়নরত, কর্মরত বিজ্ঞানী ও গবেষকদেরকে বিভিন্ন জার্নালেরে আর্টিকেলের ৩৯১৩ পৃষ্ঠা ডকুমেন্ট সরবরাহ করা হয়েছে;
(২) দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও গবেষণা প্রতিষ্ঠান থেকে ৭৬৩৬ টি বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক তথ্য সংগ্রহ করা হয়েছে;
(৩) দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও গবেষণা প্রতিষ্ঠান থেকে সংগৃহীত ৭৫১১ টি থিসিস-এর এ্যাবস্ট্রাকসসহ টাইটেল পৃষ্ঠা ওয়েব সাইটে এন্ট্রি দিয়ে প্রকাশ করা হয়েছে।

## রিপ্রোগ্রাফিক সার্ভিস :

গবেষকদের গবেষণা কর্ম, ফটোগ্রাফ, গ্রাফ, ম্যাপ, নক্সা ও ডিজাইন সম্বলিত তথ্যের মাইক্রোফিল্ম ও মাইক্রোফিস-এর মাধ্যমে দীর্ঘ মেয়াদে সংরক্ষণের ব্যবস্থা এ সেবার অন্তর্ভুক্ত। এ ছাড়া গবেষণার বিষয়বস্তুর বৈজ্ঞানিক ফটোগ্রাফি, স্লাইড তৈরীর ব্যবস্থাও এখানে রয়েছে। ২০১৪-১৫ অর্থ বৎসরে-

(১) ১২৫০ জন বিজ্ঞানী/গবেষকের সংক্ষিপ্ত বায়োডাটা ডাইরেক্টরী অব সাইনস্টিট এন্ড টেকনোলজিস্ট শিরোনামে ডাটাবেজে এন্ট্রি দেয়া হয়েছে;

(২) তরুণ ক্ষুদে বিজ্ঞানীদের ৩০ টি আবিষ্কার ইনোভেশন অব ইয়ং সাইনস্টিট এন্ড সায়েন্স ক্লা  শিরোনামে ডাটাবেজে এন্ট্রি দিয়ে ওয়েব সাইটে রাখা হয়েছে;

(৩) ১৭ টি ইন্ডাষ্টিরিয়াল ইনোভেশন ডাটাবেজে সংযুক্ত করা হয়েছে;

(৪) দৈনিক পত্রিকায় প্রকাশিত বিজ্ঞান বিষয়ের ৭৯৮ টি গুরুত্বপূর্ণ ফিচার অনলাইনে পেপার ক্লিপিং শিরোনামে ডাটাবেজে এন্ট্রি দিয়ে ওয়েব সাইটে উম্মুক্ত কর  হয়েছে।

## ওয়েবপেজ ভিত্তিক গবেষণাধর্মী তথ্য সরবরাহ:

### ব্যান্সডক এর ডাটাবেইজ:

ব্যান্সডকে গবেষণা কাজে সহায়ক তথ্যাবলী সম্বলিত বিভিন্ন ডাটাবেইজ রয়েছে। ব্যান্সডক-এর কর্মকর্তা/ কর্মচারীগণ বিভিন্ন বিজ্ঞান ও গবেষণাধর্মী প্রতিষ্ঠান থেকে বিজ্ঞান বিষয়ক তথ্য সংগ্রহ করে ব্যান্সডক-এর ওয়েব সাইটে ডাটা বেইজের মাধ্যমে সকলের জন্য উন্মুক্ত করে থাকে। সম্মানীত  হকগণ বিশ্বের যে কোন স্থান থেকে এ সকল তথ্য  পড়তে ও ডাউনলোড করতে পারেন। ডাটাবেজগুলো নিম্নরূপ:

ব্যান্সডক ওয়েব সাইট: www.bansdoc.gov.bd



1. National Union Catalogue of S&T Periodicals in Bangladesh;
2. Bangladesh S&T Abstracts;
3. Directory of S&T Research Abstracts in Bangladesh;
4. Directory of Scientists and Technologists of Bangladesh Living Home & Abroad;
5. Current Research Projects of Bangladesh;
6. Innovations of Young Scientists & Science Club;
7. Scientific & Industrial Innovations;
8. BANSDOC E-Book & E-Journals;
9. Online Newspaper Clipping;
10. Others e-Resources.

**সার্ক ডকুমেন্টেশন সেন্টার (এসডিসি) কার্যক্রম :**

ব্যান্সডক সার্ক ডকুমেন্টেশন সেন্টার এর জাতীয় ফোকাল পয়েন্ট হিসেবে কার্যক্রম পরিচালনা করে আসছে। এসডিসি-এর মাধ্যমে ব্যান্সডক দক্ষ জনসম্পদ তৈরীর ল     সার্ক কর্তৃক আয়োজিত এবং এসডিসি, ভারত সরকার কর্তৃক পরিচালিত এটাচমেন্ট ট্রেনিং প্রোগ্রাম, শর্টটার্ম ট্রেনিং প্রোগ্রামসহ বিভিন্ন ট্রেনিং ও সেমিনারে বাংলাদেশ হতে প্রশিক্ষণার্থী প্রেরণের মাধ্যমে দক্ষ জনসম্পদ তৈরীতে ভূমিকা পালন করে আসছে। এছাড়াও দেশের অভ্যন্তরে বিভিন্ন শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠানে সেমিনার ও ওয়ার্কশপ আয়োজনের মাধ্যমে তথ্য সেবা গবেষকদের দোরগোড়ায় পৌঁছে দেয়ার প্রয়োজনীয় ভূমিকা পালন করছে। তবে বর্তমানে ডিজিটাল প্রযুক্তির মাধ্যমে এ সকল সেবা অধিক কার্যকর ভাবে প্রদান করা হচ্ছে।

(১) ২০১৪-১৫ অর্থ বৎসরে ০৬ জন কর্মকর্তা/কর্মচারী সার্ক ডকুমেন্টেশন সেন্টার (এসডিসি) কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ গ্রহণ করেছেন।

**ইন্টার্ণশিপ কার্যক্রমঃ** ২০১৪-১৫ অর্থ বছরে ব্যান্সডক কর্তৃক ঢাকা বিশ্ববিদ্যালয়ের তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের অধ্যয়নরত ৫২ জন  শিক্ষার্থীকে Information Science & Library Management এর উপর হাতে কলমে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

ব্যান্সডকের সেবাসমূহ/কার্যক্রমকে ব্যাপক প্রচারের জন্য দেশের বিভিন্ন সরকারি বিশ্ববিদ্যালয়, মেডিক্যাল কলেজ এবং বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠানে ২১ টি অবহিতকরণ সভা করা হয়েছে:

ব্যান্সডকের সেব সমূহ/কার্যক্রমকে অবহিতসহ আরও আধুনিক ও যুগোপযোগী করার লক্ষে উপকারভোগী প্রতিষ্ঠানসমূহের বিজ্ঞানী ও গবেষকদের নিয়ে ০৪ টি কর্মশালা/সেমিনার করা হয়েছে;

ব্যান্সডকের সেবাসমূহ/কার্যক্রম দ্রুত বিনিময়ের নিমিত্ত ৪৯ টি বিভিন্ন বিশ্ববিদ্যালয়, মেডিক্যাল কলেজ এবং বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠানে ফোকাল পয়েন্ট/বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তার মনোনয়ন সংগ্রহ করে তাঁদের নিয়ে কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।